

নং- ধবিম/হ:শা:/৪-৩২৭/২১৩-১৩১

তারিখ:


৩০ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৩ জুন ২০২১

### প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে কাবার পথে টুরস এন্ড ট্রাভেল লি. (হ.লা. ৮৭১) এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন এবং

- ০২। যেহেতু আপনি বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনার কাজে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এ বর্ণিত শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং
- ০৩। যেহেতু বেসরকারি টিভি চ্যানেল-২৪ এ কাবার পথে টুরস এন্ড ট্রাভেল লি. (হ.লা. ৮৭১) এর সৌজন্যে বেআইনীভাবে হজ এবং ওমরাহ সংক্রান্ত প্রচার-প্রচারণা চালানো হয়েছে এবং
- ০৪। যেহেতু আপনার প্রতিষ্ঠানের নামে প্রতারণামূলক প্রচারণা চালানোর জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় গত ০৯.০৫.২০২১ খ্রি. তারিখে ১৬.০০.০০০০.০২২.৩৩.০০৫.২১.২৯ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তাঁর ব্যাখ্যা/জবাব ০৭ (সাত) দিনের মধ্যে দাখিল করার জন্য নোটিশ প্রেরণ করা হয়; এবং
- ০৫। যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব প্রদান করেছেন এবং আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপনে ব্যর্থ হয়েছেন; এবং
- ০৬। যেহেতু উল্লিখিত কারণে আপনার এজেন্সির বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ (চ) ও (ঝ) অনুযায়ী শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;
- ০৭। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ (জ) অনুযায়ী কাবার পথে টুরস এন্ড ট্রাভেল লি. (হ.লা. ৮৭১) কে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
১৩.০৬.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: ৯৫৪৬৫৯০  
e-mail: morahajsection@gmail.com


তারিখ: ১৩.০৬.২০২১ খ্রি.

নং- ধবিম/হ:শা:/৪-৩২৭/২১৩-১৩১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, কাবার পথে টুরস এন্ড ট্রাভেল লি. (হ.লা. ৮৭১) ৫৫/১, ইসলাম স্টেট (৮ম তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০।
১১. অফিস কপি।

  
১৬.০৬.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব